গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম)
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতিঃ | মামুনুল ইসলাম, পিইঞ্জঃ<br>অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) (অ:দা:) ও চীফ ইনোভেশন অফিসার<br>বাংলাদেশ রেলওয়ে। |
| তারিখঃ | ০৮ ফেব্রুয়ারি ২০২৪। |
| সময়ঃ | বেলা ১১:০০ ঘটিকায়। |
| স্থানঃ | রেলভবনস্থ ৪র্থ তলার সভাকক্ষ (কক্ষ নং ৪১১) |
| উপস্থিতিঃ | পরিশিষ্ট 'ক'। |

সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। সভাপতি সিএসটিই/টেলিকম কে বাংলাদেশ রেলওয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা এর কর্মসম্পাদন সূচকসমূহ নিয়ে আলোচনা আরম্ভ করতে বলেন।

০২। সভাপতির নির্দেশক্রমে ইনোভেশন টিমের সদস্য জনাব সৈয়দ মো: শাহিদুজ্জামান, সিএসটিই (টেলিকম) (অ:দা:) উল্লেখিত বিষয়ে কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। তিনি উক্ত কর্মপরিকল্পনার আলোকে উদ্ভাবনী ধারণা উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে অনুরোধ করেন। এছাড়া তিনি কর্মপরিকল্পনার সূচক ৩.১ অনুসারে আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ইনোভেশন শোকেসিং আয়োজন করার কথা উল্লেখ করেন। সেই সাথে তিনি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করার নিমিত্ত সকল কে আহবান করেন।

০৩। অতঃপর সভায় উপস্থাপিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্র: | কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | [১.১] সেবা সহজিকরণ/ডিজিটালাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন। | কর্মসম্পাদন সূচক ১.১ মোতাবেক উভয়াঞ্চলের সকল দপ্তর হতে উদ্ভাবনী ধারণা প্রেরণের জন্য দুই অঞ্চলের জিএম, সকল এডিজিগণ ও সকল ডিআরএম কে পত্র প্রেরণ করতে হবে। | সিএসটিই (টেলিকম) |
| ২. | [২.১] ইতো:পূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটালাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা। | ইতো:পূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটালাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ অব্যাহত রাখতে হবে। | সিএসটিই (টেলিকম)<br>ও<br>ইনোভেশন টিম |
| ৩. | [৩.১] ইনোভেশন শোকেসিং | ইনোভেশন শোকেসিং এর জন্য ঢাকাস্থ রেলওয়ে অফিসার্স ক্লাবে সকল দপ্তর কর্তৃক উদ্ভাবনী ধারণাসমূহ নিয়ে একটি শোকেসিং/মেলা আয়োজন করার এর লক্ষ্যে উভয়াঞ্চলে এবং বিভাগীয় অফিসসমূহে উদ্ভাবনী ধারণা প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিম<br>ও<br>সিএসটিই (টেলিকম) |

| | | | |
|---|---|---|---|
| ৪. | [৪.১] ই-নথির ব্যবহার বৃদ্ধি | বাংলাদেশ রেলওয়ের রেলভবনস্থ সকল দপ্তরে ডি-ফাইলে ৮০% নোট নিষ্পত্তি করার নির্দেশনা রয়েছে। তাই সকল দপ্তরে ডি-ফাইলিং বাস্তবায়নের জন্য পত্র প্রেরণ করতে হবে এবং ইনোভেশন টিম কর্তৃক স্ব স্ব দপ্তরে ডি নথি চালু করার উদ্যোগ গ্রহণ করবেন। | ইনোভেশন টিম |
| ৫. | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | বাংলাদেশ রেলওয়ের যে সকল দপ্তরে ওয়েবসাইট চালু আছে সে সকল ওয়েবসাইটে নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে এবং তার রিপোর্ট প্রতি মাসের ৭ তারিখের মধ্যে চীফ ইনোভেশন অফিসারকে প্রেরণ করতে হবে। | সিএসটিই (টেলিকম) |
| ৬. | [৬.১] স্মার্ট বাংলাদেশ **বিনির্মাণে** কর্মশালা আয়োজন | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক "পদ্মা সেতু রেলপথ নিমার্ণ প্রকল্প" হতে প্রাপ্ত চ্যালেঞ্জ, শিক্ষণীয় বিষয়সমূহ নিয়ে কর্মশালার আয়োজন করতে হবে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | ইনোভেশন টিম |

০৪। সভায় আর কোন আলোচনা **না থাকায়** সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২.০২.২০২৪

(মামুনুল ইসলাম, পিইঞ্জঃ)
অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) (অ:দা:)
ও
চীফ ইনোভেশন অফিসার
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন,ঢাকা

স্মারক নং: ৫৪.০১.০০০০.৫০২.৩২.০০১.২৩ - ৫৩০ তারিখ: ২২.০২.২০২৪ খ্রি:

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিএসটিই(টেলিকম), বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
২। জেডিজি(অপারেশন),বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
৩। জেডিজি(মেক), বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
৪। জেডিজি(ইঞ্জিনিয়ারিং),বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
৫। পরিচালক(ট্রাফিক-পরিবহন), বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।
৬। উপপরিচালক(টেলিকম), বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। মহাপরিচালক এর একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে,রেলভবন, ঢাকা।

২২.০২.২০২৪

(রেজওয়ানা হোসেন)
উপপরিচালক (টেলিকম)
বাংলাদেশ রেলওয়ে,
রেলভবন,ঢাকা।